[redacted]

[redacted] [redacted] [redacted] [

দুর্ঘটনা; এসআই হাদিউজ্জামান গুরুত্বর আহত

চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা আঞ্চলিক সড়কে মোটরসাইকেল দুর্ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) হাদিউজ্জামান গুরুতর আহত হয়েছেন। তাকে স্থানীয়রা উদ্ধার করে স্থানীয় ফাতেমা ক্লিনিকে নেয়। পরে সেখানে তার অবস্থা খারাপ হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আজ বুধবার (৩০ আগস্ট) দুপুর দেড়টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার উত্তরা তেলপাম্প সংলগ্ন স্থানে এই দুর্ঘটনা ঘটে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি বিপ্লব কুমার নাথ সত্যতা নিশ্চিত করে জানান, আহত ওই পুলিশ সদস্য চুয়াডাঙ্গায় অফিসিয়াল কাজে মোটরসাইকেলে নিয়ে যাচ্ছিলো। সে চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা আঞ্চলিক সড়কের উত্তরা তেলপাম্পের নিকট হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে দুর্ঘটনায় পতিত হন। স্থানীয়রা উদ্ধার করে প্রথমে ফাতেমা ক্লিনিকে নেয়। তার অবস্থা আশঙ্কা জনক হওয়া কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

গাংনীতে মোটরসাইকেল দুর্ঘটনায় আহত শুভ মারা গেছে

গাংনী উপজেলার বামন্দী কাজিপুর সড়কের সাহেবনগর তালতলা নামক স্থানে দ্রুত গতিতে মোটরসাইকেল চালাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে কাঁঠাল গাছে ধাক্কা লেগে গুরুতর আহত ৩ কিশোরের মধ্যে শুভ হোসেন
(১৩) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে।

আজ সোমবার (১৭ জুলাই) সকালের দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় সে।
নিহত শুভ কাজিপুর হালসানা পাড়ার সৌদি প্রবাসী শিপন আলীর ছেলে।

এছাড়া একই গ্রামের স্বপন আলীর ছেলে জয় (১৪) এবং নওদাপাড়া গ্রামের শহিদুল ইসলামের ছেলে হাসিব (১৬) চিকিৎসাধীন রয়েছে।

গতকাল রবিবার (১৬ জুলাই) বেলা ১১টার দিকে সাহেবনগর তালতলা নামক স্থানে এই দুর্ঘটনাটি ঘটে।

প্রত্যক্ষদর্শিরা জানান, এক মোটরসাইকেলে ৩ জন দ্রুত গতিতে মোটরসাইকেল চালাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে কাঁঠাল গাছে ধাক্কা দেয়। ঘটনা স্থল থেকে গুরুতর আহত অবস্থায় তিনজনকে বামন্দীর একটি ক্লিনিকে নেওয়া হয়। পরে আশঙ্কাজনক অবস্থায় শুভকে রাজশাহীতে এবং জয়কে কুষ্টিয়ায় রের্ফাড করা হয়েছে। শুভ’র হাতের একটি হাড় কাঁঠাল গাছের সাথে গেঁথে যায়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।